শৈলকুপায় অস্বাস্থ্যকর পরিবেশে ও মানহীন উপাদান দিয়ে তৈরী হচ্ছে রুচি আইসক্রীম

ঝিনাইদহের শৈলকুপার ভাটই বাজারে অস্বাস্থ্যকর পরিবেশ ও মানহীন উপাদান দিয়ে তৈরী হচ্ছে রুচি আইসক্রীম। প্রায় এক যুগের মত সময় ধরে চলে আসছে বিএসটিআই অনুমোদনবিহীন এই আইসক্রীম ফ্যাক্টরী,নেই কোন সাইনবোর্ড। দেখার কেউ নেই,প্রশাসনের চোখের সামনে দিনের পর দিন এভাবে ব্যবসা করে যাচ্ছে। সরেজমিনে দেখা যায়, শৈলকুপার ভাটই বাজারের হাইস্কুল রোডে এক টিনের ছাপড়া ঘরের মধ্যে এই আইসক্রীম ফ্যাক্টরী। অস্বাস্থ্যকর পরিবেশ ও মানহীন কাঁচামাল দিয়ে তৈরী হচ্ছে আইসক্রীম। আইসক্রীম তৈরীতে ব্যবহ্নত কাঠিতে ছত্রাক বাসা বেঁধেছে সেইসাথে লেবেলবিহীন মানহীন পাইডার ব্যবহার করা হচ্ছে। মশা মাছি ভনভন করছে। সারি সারি ডিপ ফ্রিজে রাখা হয়েছে উৎপাদিত কারখানার আইসক্রীম। আবার বিভিন্ন জায়গা থেকে ফেরৎ আসা আইসক্রীম ফ্রীজজাত করে রেখেছে, সময়মত নতুন আইসক্রীমের সাথে এগুলো বাজারজাত করছে বলে অভিযোগ উঠেছে। ইচ্ছামত লেবেল ব্যবহার করে নিজেরাই তাতে বসিয়ে দিচ্ছে উৎপাদন ও বিপননের তারিখ। নেই কোন অনুমোদন অথচ চোখের সামনে চালিয়ে যাচ্ছে এই রমরমা অবৈধ ব্যবসা। এই ফ্যাক্টরীতে উৎপাদিত রুচি আইসক্রীম বাজারজাত করা হচ্ছে শৈলকুপা উপজেলা ছাড়াও ঝিনাইদহ জেলার বিভিন্ন উপজেলার দোকানীদের কাছে। বিশেষকরে অস্বাস্থ্যকর পরিবেশে ও নিম্নমানের উপাদান দিয়ে তৈরী রুচি আইসক্রীম খেয়ে শিশুরা বিভিন্ন রোগে ভুগছে বলেও অভিযোগ আছে। এব্যাপারে আইসক্রীম ফ্যাক্টরির মালিক উপজেলার ফুলহরী গ্রামের মাহবুব বলেন, আমি কোন অস্বাস্থ্যকর পরিবেশ দেখছি না। আমি জেনে বুঝেই ব্যবসা করছি। শৈলকুপা স্যানেটারী ইন্সপেক্টর ওয়াহিদুজ্জামান মিয়া বলেন, আমি সবসময় চেষ্টা করেছি এই প্রতিষ্ঠানগুলোর মান উন্নয়নের, সময় পেলেই তদারকি করে থাকি এর আগেও এই রুচি ফ্যাক্টরীর জরিমানা করা হয়েছিল। এর পরেও কোন অনিয়ম করলে তা মানা যাবে না, অবশ্যই এই ফ্যাক্টরীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহে রেড ক্রিসেন্টের পক্ষ থেকে কর্মহীন মানুষের মাঝে খাবার বিতরণ

করোনা ভাইরাস মোকাবেলায় বাংলাদেশ রেড ক্রিসেট সোসাইটির পক্ষ থেকে ঝিনাইদহ সদরে ১০০ জন কর্মহীন ও অসহায় মানুষের মাঝে খাবার বিতরণ করা হয়েছে। এ ছাড়া এছাড়া ঝিনাইদহ সদর হাসপাতালে রোগীদের মাঝে এবং রেড ক্রিসেন্ট সোসাইটি অফিসের সামনে মোট ৩০০ প্যাকেট খাবার বিতরণ করা হয়

বুধবার দুপুর ১ টার দিকে বাংলাদেশ রেড ক্রিসেট সোসাইটি ঝিনাইদহ জেলা শাখার উদ্যোগে আরাপপুর বিশ্বাস পাড়ায় এই খাবার বিতরণ করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন, ঝিনাইদহ পৌর ঔ আওয়ামীলীগের সাধারণ সম্পাদক নজরুল বিশ্বাস, ঝিনাইদহ জেলা যুবলীগের যুগ্ন আহবায়ক শফিকুল ইসলাম শিমুল, জেলা রেড ক্রিসেন্ট সোসাইটির নির্বাহী সদস্য। ঝিনাইদহ জেলা যুবলীগের অন্যতম সদস্য আবুল কাশেম, মুক্ত ও রেড ক্রিসেটর সদস্য এছাড়া আরো অনেকেই উপস্থিত ছিলেন।

নজরুল বিশ্বাস আরও বলেন, করোনা পরিস্থিতিতে ঝিনাইদহ কর্মহীন ও নিম্ন আয়ের মানুষকে সরকারি সহায়তা ছাড়াও ব্যক্তিগত উদ্যোগে খাদ্য সহায়তা, ঈদের আগে ঈদ উপহার সামগ্রী দেওয়া হয়েছে। আমি সব সময় মানুষের পাশে আছি, আগামীতেও থাকবো।

গাংনীতে লকডাউন বিধি না মানায়

জরিমানা

মেহেরপুরের গাংনীতে করোনাভাইরাসের তৃতীয় দফার লকডাউন এর পঞ্চম দিনে ১২ টি মামলা দিয়ে ১৬ জনের নিকট জরিমানা করেছে ভ্রাম্যমান আদালত।
আজ মঙ্গলবার সকাল থেকে দুপুর পর্যন্ত উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে ৬ হাজার ৭’শ টাকা জরিমানা আদায় করে ভ্রাম্যমাণ আদালতের তিনটি টিম।
সরকারি নির্দেশনা অমান্য এবং স্বাস্থ্যবিধি লঙ্ঘনের দায়ে এ জরিমানা আদায় করা হয়। ৩টি টিমে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন গাংনী উপজেলা নির্বাহি অফিসার মৌসুমী খানম, উপজেলা সহকারী কমিশনার (ভূমি)ও এক্সিকিউটিভ নির্বাহী ম্যাজিস্ট্রেট নাজমুল আলম এবং জেলা প্রশাসনের সহকারি কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মিথিলা দাস।
ভ্রাম্যমাণ আদালতের কারি ৩টি টিম গাংনী পৌরসভার,বামন্দী ইউনিয়ান,সাহারবাটি ইউনিয়ান,কাথুলী ইউনিয়ান,রাইপুর ইউনিয়ান,তেঁতুলবাড়ি ইউনিয়ান, এবং ধানখোলা ইউনিয়ানের বিভিন্ন এলাকার কোভিড-১৯ প্রতিরোধকল্পে অভিযান ও ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। এসময় অভিযান ও ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় সার্বিক সহযোগিতা করেন বাংলাদেশ সেনাবাহিনী, পুলিশ বাহিনী, বিজিবি এবং আনসার ব্যাটালিয়নের সদস্যরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর সড়ক দুর্ঘটনায় ট্রলি চালক নিহত

মেহেরপুরে আলগামন ও ট্রলির মুখোমুখি সংঘর্ষে ট্রলি চালক বাবুর হোসেন ৪৫ নিহত হয়েছে।নিহত ট্রলি চালক বাবুর হোসেন গাংনী উপজেলার কাথুলী গ্রামের খরশেদ আলীর ছেলে।

মঙ্গলবার বিকেলে সদর উপজেলার শোলমারী বাঙ্গালপাড়ায় এ ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান,শোলমারী গ্রামে ট্রলি নিয়ে যাচ্ছিলেন বাবু । এসময় বিপরীত দিক থেকে আসা আলগামনের সাথে ধাক্কা লাগে। এতে বাবু ছিটকে আলগামনের নিচে পড়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

এ ব্যাপারে মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান পিপি এম জানান, সড়ক দুর্ঘটনার বিষয়টি আমার জানা নেই।

মেহেরপুরে আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ২৭তম প্রতিষ্ঠা বার্ষিকী পালন

গৌরবোজ্জ্বল সংগ্রাম ও সাফল্যের পথ বেয়ে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কন্যা আওয়ামীলীগ সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতে গড়া সংগঠন বাংলাদেশ আওয়ামী সেচ্ছাসেবক লীগের ২৭তম বার্ষিকী ও সজীব ওয়াজেদ জয় এর শুভ জন্মদিন উপলক্ষে মেহেরপুর জেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের উদ্যোগে আলোচনা সভা, কেক কাটা ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সন্ধ্যায় শিল্পকলা এলাকায় মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের কার্যালয়ে কেক কাটার মধ্য দিয়ে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠান পালিত হয়।

মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আরিফুল এনাম বকুলের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ন আহবায়ক মতিউর রহমান মতিন, সদর থানা সেচ্ছাসেবক লীগের আহবায়ক সানোয়ার হোসেন সানু, যুগ্ম আহবায়ক মোহম্মদ ওয়াসিম,শহর স্বেচ্ছাসেবক লীগের সভাপতি কামাল হোসেন জুয়েল বিশ্বাস, সাধারণ সম্পাদক ইবনে মামুন, সাংগঠনিক সম্পাদক শ্রী কাজল দত্ত মুজিবনগর উপজেলার স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মোঃ বেলাল হোসেন বিপ্লব, সাধারণ সম্পাদক আরিফ শাহসহ বিভিন্ন ইউনিটের সদস্যগণ।

মেহেরপুরে ৪৬ জন করোনা আক্রান্ত! মৃত্যু-৪

মেহেরপুরে নতুন করে ৪৬ জন করোনা আক্রান্ত হয়েছেন। মৃত্যুবরণ করেছেন আরও ৪ জন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ২৪ জন, গাংনীতে ১২ জন, মুজিবনগর ১০ জন।

মঙ্গলবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১৯৩ টি। তারমধ্যে ৪৬ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৫৬৪ জন। তার মধ্যে সদরে ১৪১ জন, গাংনীতে ৩১২ জন এবং মুজিবনগরে ১১১ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৩১ জন । মৃতদের মধ্যে সদরে ৫৭ জন, গাংনী ৪৬ জন ও মুজিবনগরে ২৮ জন।

এসময় তিনি সকলকে সামাজিক দুরত্ব,নিয়মিত সাবান দিয়ে হাত ধোওয়া,মাস্ক ব্যবহার, জন-সমাগম এড়িয়ে চলা এবং হাচি কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যাবিধি মেনে চলার আহবান জানান।

চুয়াডাঙ্গায় গাঁজাসহ আটক-১

চুয়াডাঙ্গা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাদকবিরোধী অভিযানে গাঁজাসহ এক জনকে আটক করা হয়েছে।

মঙ্গলবার দুপুর দেড়টার সময় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সদস্যরা চুয়াডাঙ্গা শহরতলীর দৌলতদিয়াড়ে অভিযান চালিয়ে গাঁজাসহ মাদক ব্যাবসায়ী শ্রী প্রসাদ সরকারকে আটক করে। পরে ভ্রাম্যমাণ আদালতে কারাদণ্ড ও জরিমানা করা হয়।

সাজাপ্রাপ্ত শ্রী প্রসাদ সরকার (৪৫) দৌলতদিয়াড় চৌধুরী পাড়ার শ্রী বাদল সরকারের ছেলে।

ভ্রাম্যমাণ আদালত সুত্রে জানা গেছে, মঙ্গলবার বেলা এক টার দিকে গোপণ সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমানের নেতৃত্বে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মো. শরিয়তউল্লাহ, পরিদর্শক আব্দুল্লাহ আল মামুন, উপপরিদর্শক আবুল কালাম আজাদ সঙ্গীয় ফোর্স নিয়ে দৌলতদিয়াড়ে শ্রী প্রসাদ সরকারের বাড়িতে অভিযান চালিয়ে তাকে আটক করে। প্রসাদ সরকারের শিকারোক্তিতে তার ঘরে তল্লাশি চালিয়ে ২০ গ্রাম গাঁজা উদ্ধার করে।

পরে নির্বাহী ম্যাজিস্ট্রেট হাবিবুর রহমান মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে ভ্রাম্যমাণ আদালতে প্রসাদ সরকারকে ৫ মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ১শ’ টাকা জরিমানা করেন। সাজাপ্রাপ্তকে জেলহাজতে পাঠানো হয়েছে।মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর থেকে জানানো হয়েছে মাদকবিরোধী অভিযান চলমান থাকবে।

আমার বাংলাদেশ ফাউন্ডেশনের উদ্যোগে বৃক্ষ রোপন

“আজকের স্বপ্ন, আগামীকালের চারা গাছ” এই শ্লোগানকে প্রতিপাদ্য করে ঝিনাইদহের বংকিরা গ্রামে সেচ্ছা শ্রমের ভিত্তিতে বৃক্ষ রোপন কর্মসুচি পালিত হয়।

মঙ্গলবার এ কর্মসুচির উদ্বোধন করেন আমার বাংলাদেশ ফাউন্ডেশনের ইউনিট প্রধান সিনিয়র সাংবাদিক আসিফ কাজল। গ্রামের পরিত্যাক্ত ভাগাড়, গোরস্থান ও রাস্তার পাশে ফলজ ও বনজ প্রজাতির বৃক্ষ রোপনের মধ্য দিয়ে সুচিত হয় গ্রাম উন্নয়নের নতুন ধারা।

আমার বাংলাদেশ ফাউন্ডেশন থেকে প্রাপ্ত টি-সার্ট পরে সেচ্ছায় বৃক্ষ রোপন কর্মসুচিতে অংশ গ্রহন করেন, নাইমুল হক, আজমুল হুদা বিশ্বাস, অনিক সাফওয়ান, হারুন বিশ্বাস, হাসান মাহমুদ ও আবির হাসানসহ ইউনিটের সদস্যবৃন্দ।

বৃক্ষ রোপন শেষে আমার বাংলাদেশ ফাউন্ডেশনের ইউনিট প্রধান সিনিয়র

সাংবাদিক আসিফ কাজল জানান, একটি গাছ প্রকৃতির সাথে আমাদের সবচেয়ে নিবিড় সংযোগ স্থাপন করে। মানব চেতনা প্রশংসার দ্বারা লালিত হয়, যেমন একটি চারা গাছ মাটি, পানি এবং সূর্য দ্বারা লালিত হয়। তাই রোপিত গাছগুলো আগামী প্রজন্মেকে উৎসাহিত করবে বৃক্ষরোপন কর্মসুচিতে।

কর্মহীন মানুষের জন্য ঝিনাইদহে এক কোটি ৪৬ লাখ টাকা বরাদ্দ

চলমান লকডাউনে কর্মহীন মানুষের জন্য ঝিনাইদহ জেলার জন্য সরকার এক কোটি ৪৬ লাখ ৬০ হাজার ৮০৬ টাকা বরাদ্দ করেছে। হতদরিদ্র, অসহায় ও ক্ষতিগ্রস্থ নিম্ন আয়ের মানুষ যে কেও ৩৩৩ নাম্বারে ফোন করে এই খাদ্য সহায়তা নিতে পারবেন।

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের উপ-পরিচালক (ত্রান) শাখা থেকে গত ১৫ জুলাই এই অর্থ ঝিনাইদহ জেলা প্রশাসকের কাছে পাঠানো হয়। উক্ত অর্থ স্থানীয় হিসাবরক্ষণ অফিস থেকে পরিশোধের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে বলা হয়েছে।

জেলা প্রশাসনের কর্মকর্তারা বলছেন, চলমান লকডাউনে কর্মহীন হয়ে পড়া যে কোন মানুষ এই সহায়তা নিতে পারেন। এটা কোন লজ্জা নয় বরং সরকারের মানবিক সহায়তা। লকডাউনে কে যাতে না খেয়ে থাকেন সে জন্য সরকার এই অর্থ বরাদ্দ করেছে।

তথ্য নিয়ে জানা গেছে, ঝিনাইদহ জেলার বিভিন্ন শ্রেনী পেশার মানুষের মাঝে জেলা প্রশাসনের পক্ষ থেকে এই মানবিক সহায়তা প্রদান করা হচ্ছে। ৩৩৩ নাম্বারে ফোন করে অনেকেই মানবিক সহায়তা চাচ্ছেন। জেলা প্রশাসন তাৎক্ষনিক ভাবে সাড়া দিয়ে এই সহায়তা বাড়ি বাড়ি পৌছে দিচ্ছেন।

কালীগঞ্জে লকডাউনে কিস্তি আদায় করায় এনজিওকে জরিমানা

ঝিনাইদহের কালীগঞ্জে লকডাউনের মধ্যে সরকারি নির্দেশনা অমান্য করে ঋণের কিস্তি আদায় করায় ঢাকা আহসানিয়া মিশন পরিচালিত ডাম ফাউন্ডেশন ফর ইকোনমিক ডেভেলপমেন্ট (ডিএফইডি) কে ভ্রাম্যমান আদালতে জরিমানা করা হয়েছে।

মঙ্গলবার সকাল ১২ টার দিকে শহরের কলেজপাড়া এলাকায় ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সাদিয়া জেরিন। এ সময় এনজিও ডিএফইডিকে দুই হাজার টাকা জরিমানা করা হয়। এছাড়াও শহরে অভিযান চালিয়ে বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে মোট ৯ হাজার ৮০০ টাকা জরিমানা করা হয়।

কালীগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার সাদিয়া জেরিন জানান, সরকারি নির্দেশনা অমান্য করে শহরের কলেজপাড়া এলাকার মিরাজুল হকের বাড়িতে কিস্তি নিতে আসে একটি এনজিওর কর্মী। এসময় ঋণের কিস্তি আদায় করায় দুই হাজার টাকা জরিমানা করা হয়েছে। এছাড়াও শহরে লকডাউন অমান্য করায় দিন ব্যাপী বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে মোট ৯ হাজার ৮০০ টাকা জরিমানা করা হয়েছে। জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলেও তিনি জানান।